

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গবেষণা ও বৃত্তি শাখা
www.ictd.gov.bd

নম্বর ৫৬.০০.০০০০.০২৮.১৭.০৬৭.১৬.৯৪

তারিখ ১৩ শ্রাবণ ১৪২৬
২৮ জুলাই ২০১৯

বিজ্ঞপ্তি

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে ২০১৯-২০ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদান সংক্রান্ত।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে ২০১৯-২০ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” এ বর্ণিত যোগ্যতা সম্পন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, গবেষক এবং প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

০২। আবেদনপত্র দাখিল, বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়সীমা নিম্নরূপ:

রাউন্ড	অনলাইনে আবেদনপত্র দাখিলের সময়সীমা	বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়	মন্তব্য
১ম	০৫ সেপ্টেম্বর, ২০১৯	সেপ্টেম্বর, ২০১৯	অফিস চলাকালীন সময় পর্যন্ত
২য়	০৫ ডিসেম্বর, ২০১৯	ডিসেম্বর, ২০১৯	
৩য়	০৫ মার্চ, ২০২০	মার্চ, ২০২০	

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক ims.ictd.gov.bd হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে। সরাসরি আবেদনপত্র দাখিল নিরুৎসাহিত করা যাচ্ছে।

০৪। নীতিমালার সাথে সজ্ঞাপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০৫। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা রাখে।

২৮-৭-২০১৯

মোহাম্মদ আবুল খায়ের
উপসচিব

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা (যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ২) বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি/ ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি,(যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪) সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) উপসচিব, লজিস্টিক সেবা শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিজ্ঞপ্তির অংশটি ০১ টি বাংলা ও ০১টি ইংরেজি জাতীয় পত্রিকায় স্বল্প পরিসরে একদিনের সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিজ্ঞপ্তিটি বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭) সকল মন্ত্রণালয়/বিভাগ
- ৮) বিভাগীয় কমিশনার (সকল)
- ৯) জেলা প্রশাসক (সকল)